

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস অফিসারের কার্যালয়
রায়পুরা, নরসিংদী

পত্র নং-৩৩.০২.৬৮৬৪.৫০১.৫৩.০০১.২২-১৫২

তারিখ- ১৪/১১/২০২২ খ্রিঃ

বরাবর,

জেলা মৎস অফিসার
নরসিংদী।

বিষয়- সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়'র উদ্ভাবনী ধারণা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য 'খাচাঁয় নিরাপদ মাছ উৎপাদনের আদর্শ পল্লী গড়ে তোলা' শিরোনামে উদ্ভাবনী ধারণা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

Handwritten signature and date: ১৪/১১/২০২২

মোঃ হাবিব ফরহাদ আলম
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
রায়পুরা, নরসিংদী

১। উদ্ভাবন ধারণা- খাচায় নিরপদ মাছ উৎপাদনের আদর্শ পল্লী গড়ে তোলা

প্রবাহমান নদীতে স্থাপিত খাচায় মাছের উৎপাদন প্রায়শ ব্যাহত হয় অপরিষ্কার খাচা এবং চাষীদের অচসচেতনতার কারণে। উপজেলা মৎস্য দপ্তরের সার্বিক তত্ত্বাবধানে খাচায় মাছচাষীদের সংগঠিত করে প্রবাহমান নদীতে স্থাপিত খাচায় জন্মানো শ্যাওলা প্রতি সপ্তাহে পরিষ্কার করে মাছের উৎপাদন বৃদ্ধি সম্ভব হবে। এতে করে খাচায় রোগ আক্রমণের হার কমে আসবে এবং খাচায় পর্যাপ্ত অক্সিজেনের সরবরাহ বজায় থাকবে। একইসময়ে অতিরিক্ত অর্থ ব্যয় ছাড়া চাষিগণ দ্রুততম সময়ে মাছের উৎপাদন বৃদ্ধি করতে পারবে। ফলে প্রাণিজ আমিষের চাহিদা পূরন এবং মাছ চাষীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে।

২। কৌশলগত পরিকল্পনা এবং সম্ভাব্যতা শ্রেণীবিন্যাসঃ

অগ্রাধিকার-১: চাষীদের সামর্থ্যঃ চাষীদের অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে না এবং যেকোন সময়ে ব্যক্তিগত উদ্যোগেও খাচা পরিষ্কার করতে পারবে।

অগ্রাধিকার-২: চাষীদের সাফল্যঃ মাছের উৎপাদন বৃদ্ধি হবে এবং উৎপাদন খরচ কম হবে।

অগ্রাধিকার -৩: কর্মসংস্থান ও উন্নয়নঃ নিজস্ব পুকুর নাই ও ভূমিহীন এমন আগ্রহী ব্যক্তি খাচায় মাছচাষ নীতিমালা, ২০১৯ অনুসারে মাছ চাষ করতে পারবে এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে।

অগ্রাধিকার -৪: সম্পদের সুষ্ঠু ব্যবহারঃ খাচা এবং খাদ্যের যথাযথ ব্যবহার হবে এবং অধিক উৎপাদনে সময়ের অপচয় হবে না।

অগ্রাধিকার- ৫: উদ্ভাবন এবং পরিসেবার প্রাসঙ্গিকতাঃ স্বল্প সময়ে অধিক মাছ উৎপাদনে নিরপদতা নিশ্চিতকরনে আদর্শ মৎস্য পল্লী গড়ে তোলা প্রয়োজন।

অগ্রাধিকার -৬: অন্যান্য বানিজ্যিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্টতাঃ খাচায় মাছ উৎপাদনে অন্যান্য বানিজ্যিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্টতা ও প্রভাব যাচাই এবং সমন্বয় সাধন।

৩। বাস্তবায়নের পরিকল্পনাঃ

- প্রতি দশ জনে একটি দল গঠন।
- সর্বাধিক ১৩০ টি খাচা থাকবে।
- প্রতিটি দলের সদস্যদের দায়িত্ব নির্দিষ্ট করন।
- খাচা পরিষ্কারকরনে উপযুক্ত সরঞ্জাম যেমন ব্রাশ, জীবাননাশক নিশ্চিতকরন।
- প্রতি তিন জনে একটি খাচা পরিষ্কারকরন।
- মৎস্য দপ্তরের তদারকি নিশ্চিতকরন।



৪। টেকসইকরনঃ প্রতি দল হতে এক/দুইজন নেতৃত্বগুন সম্পন্ন চাষি নির্বাচন যারা প্রকল্প কার্যক্রম শেষে নিজ প্রয়োজনে খাচা পরিস্কারকরন এবং তদারকি অব্যহত রাখাবে।

৫। মেয়াদকাল – ৫ মাস (শুরুর তারিখ ২০/১১/২০২২ খ্রিঃ এবং সমাপ্তির তারিখ -২০/০৩/২০২২ খ্রিঃ।)

৬। অর্থের পরিমানঃ ১০,০০,০০/- (এক লক্ষ টাকা) মাত্র।

৭। সম্ভাব্য ফলাফলঃ

- খাচা প্রতি ৭০-৯০ কেজি মাছের উৎপাদন বৃদ্ধি এবং ৫-৭% খাদ্য ব্যয় হ্রাস।
- প্রাণিজ আমিষের চাহিদা পূরন এবং মাছ চাষিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

৮। উদ্ভাবকের নামঃ

মোঃ হাবিব ফরহাদ আলম
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
রায়পুরা, নরসিংদী।

Handwritten signature